231

দৈনিক ইনকিলাব

তারিখ ... 02 APR 1998 ...
পৃষ্ঠা 1 কলাম 2 ...

## মামলা ও শো'কজের সিদ্ধান্ত

# প্রত্যাহারের দাবীতে ছাত্র দলের ভিসি অফিস ঘেরাও ঃ স্মারকলিপি পেশ

স্টাফ রিপোর্টার ঃ শহীদ মিনার অবমাননার কথিত ঘটনায় ষড়যন্ত্রমূলকভাবে ছাত্র দল সম্পাদক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য হাবিব-উন-নবী সোহেলসহ ৬ ছাত্র নেতার বিরুদ্ধে দায়েরকৃত মামলা ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের শো'কজের সিদ্ধান্ত প্রত্যাহারের দাবীতে গতকাল কেন্দ্রীয় ছাত্র দল বিরাট মিছিলসহ ঢাকা বিশ্ববিদ্যালয় ভিসির কার্যালয় ঘেরাও করে। মধুর ক্যান্টিন থেকে মিছিল নিয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে তারা ভিসি প্রফেসর এ কে আজাদ চৌধুরীর কার্যালয়ের সামনে সমবেত হয়ে বিভিন্ন শ্লোগান দেয়। এ সময় তারা ভিসির নিকট একটি স্মারকলিপিও হস্তান্তর করে। প্রায় এক ঘন্টার এই ঘেরাওকালে অনুষ্ঠিত

শেষ পৃঃ ৮-এর কঃ দেখুন

## ছাত্রদলের ঘেরাও

প্রথম পৃষ্ঠার পর

ছাত্র সমাবেশে ছাত্রদল সভাপতি শহীদউদ্দিন চৌধুরী এ্যানী বলেন, জাতীয়তাবাদী ছাত্রদলের উজ্জ্বল ভাবমূর্তিকে জাতির সামনে কলংকিত করার জন্য মুজিববাদী সরকার ও বিশ্ববিদ্যালয় প্রশাসন গভীর ষড়যন্ত্রে লিপ্ত। শহীদ মিনারে সাজানো ঘটনা সেই ষড়যন্ত্রেরই নীল নকশা। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ব্যক্তিগত ভিডিও ক্যামেরায় এই সাজানো ঘটনা নিজেরা রেকর্ড করে টিভিতে সরবরাহ করা হয়। এ্যানী বলেন, কোন চক্রান্ত, ষড়যন্ত্রের কাছে ছাত্রদল মাথানত করবে না। যদি সিনেট সদস্য হাবিবুনবী সোহেলসহ ৬ ছাত্রনেতার বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়, তবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আগুন জ্বলবে। সমাবেশে হাবিব-উন-নবী সোহেল, নাসিরুদ্দীন পিলু, এবিএম মোশাররফ হোসেন, মনোয়ার হোসেন রানা, হেলেন জেরিন খান, সাইফুল আলম নীরব প্রমুখ বক্তব্য রাখেন।

হাবিব-উন-নবী সোহেল বলেন, অতীতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মুজিববাদী ক্যাডাররা লাঞ্ছিত করেছে, জুলুম-নির্যাতন করেছে, এমনকি হত্যার চেষ্টাও চালিয়েছে, কিন্তু বিশ্ববিদ্যালয়ের আওয়ামী প্রশাসন কোন ব্যবস্থা না নিয়ে আজ ছাত্রদলকে ধ্বংসের চক্রান্ত করছে। কিন্তু ছাত্ররাই এ ষড়যন্ত্র প্রতিরোধ করবে।